

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন আগারগাও, ঢাকা

শোক সংবাদ

তারিখ: ২ এপ্রিল ২০২১

সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম জনাব মোহাম্মদ আতাউর রহমান করোনা আক্রান্ত হয়ে আজ ভোরে ঢাকায় একটি হাসপাতালে ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৫বছর। জনাব আতাউর গত ২৯ মার্চ ২০২১ তারিখ হতে হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

জনাব আতাউরের মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠপর্যায়ের সকল কর্মকর্তা কর্মচারী গভীর শোক প্রকাশ করেছেন এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন। মহান আল্লাহ তাকে বেহেস্ত দান করুন। আমীন।

জনাব আতাউর ১৯৭৬ সালে কুমিল্লার ব্রাহ্মণপাড়া উপজেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২০০৫ সালে উপজেলা নির্বাচন অফিসার হিসাবে নির্বাচন কমিশনে যোগদান করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে ও অসংখ্য আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধব রেখে গেছেন।

এস এম আসাদুজ্জামান
পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব (সিসি)
ফোন: ০১৭১০৮২৪১৪৪